

# একাদশ শ্রেণীতে ভর্তি টেলিটকে

## তথ্যসমৃদ্ধ প্রতিবেদক

ঢরু হয়েছে একাদশ শ্রেণীতে ভর্তি কার্যক্রম। এবার কলেজগুলো অনলাইনে ভর্তি নেয়ার সিদ্ধান্ত নিয়েছে। ভর্তির জন্য আবেদন করতে হবে টেলিটকের প্রিপেইড মোবাইল কোন ব্যবহার করে।

প্রথমে আপনার মোবাইলের Message অপশনে গিয়ে CAD কালেক্ট কলেজের EIIN কালেক্ট গ্রুপের নামের প্রথম অক্ষর এসএসসি/সমমানের পরীক্ষা পাসের বোর্ডের নামের প্রথম তিন অক্ষর, রোল নম্বর, এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন, শিফটের নাম জার্ন, কোটার নাম লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

উদাহরণ : CAD 696954 S DHA 123456 2012 M B FQ (এখানে ৬৯৬৯৫৪ কালেক্ট কলেজের EIIN, S কালেক্ট গ্রুপের নামের প্রথম অক্ষর, DHA- এসএসসি পরীক্ষার পাসের বোর্ডের নামের প্রথম তিন অক্ষর, ১২৩৪৫৬ আবেদনকারীর এসএসসি/সমমানের পরীক্ষা পাসের রোল নম্বর, এসএসসি/সমমানের পরীক্ষা পাসের সন ২০১২, M শিফটের নামের প্রথম অক্ষর, B মাধ্যম এর প্রথম অক্ষর, FQ মুক্তিযোদ্ধা কোটা।

ভর্তিগ্রহণের ক্ষেত্রে : বিজ্ঞানের জন্য S, ব্যবসা শিক্ষার জন্য B, গার্হস্থ্য অর্থনীতির জন্য E, ইসলাম শিক্ষার জন্য I লিখতে হবে।

মাধ্যমের ক্ষেত্রে : বাংলা মাধ্যমের ক্ষেত্রে B, ইংরেজি মাধ্যমের জন্য E লিখতে হবে।

শিফটের ক্ষেত্রে : সকালের জন্য M, দিনের জন্য D, বিকালের জন্য E এবং আবেদনকৃত কলেজে যদি কোন শিফট না থাকে তবে N লিখতে হবে।

কোটার ক্ষেত্রে : মুক্তিযোদ্ধা কোটার জন্য FQ এবং শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয় অধীনস্থ দফতরসমূহ, স্ব-স্ব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী ও প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভ্যদের কোটার জন্য FQ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ঘোষিত বিশেষ কোটার জন্য SQ লিখতে হবে। কোন শিক্ষার্থী একাধিক কোটার আবেদন করার যোগ্যতা থাকলে কমা (,) দিয়ে একাধিক কোটার উল্লেখ করতে হবে। যেমন কোন শিক্ষার্থী মুক্তিযোদ্ধা এবং বিশেষ কোটার আবেদনের যোগ্যতা থাকলে তাকে কোটার জন্য FQ,SQ লিখতে হবে। উল্লিখিত কোটার আত্মকীয় না হলে কোটার অপশনে কিছু লেখার প্রয়োজন নেই।

কোন প্রতিষ্ঠানের একই সঙ্গে স্কুল ও কলেজ শাখা চালু থাকলে ওই প্রতিষ্ঠান হতে এসএসসি পাসকৃত সব শিক্ষার্থী উক্ত ভর্তির জন্য এসএমএসের মাধ্যমে আবেদন করতে পারবে।

ফিরতি এসএমএসে আবেদনকারীর নাম, কলেজের EIIN গ্রুপের নাম এবং শিফটসহ ফি বাবদ কত টাকা কেটে নেয়া হবে, তা জানিয়ে একটি PIN প্রদান করা হবে। আবেদন সম্বন্ধ থাকলে Message অপশনে গিয়ে CAD Yes PIN Contact Number (নিজের ব্যবহৃত যে কোন মোবাইল অপারেটরের নম্বর) লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

শর্তাবলী :

১. একজন আবেদনকারী একাধিক কলেজে/একই কলেজের একাধিক গ্রুপে/একই কলেজের একাধিক শিফটে আলাদাভাবে আবেদন করতে পারবে, তবে প্রতিক্ষেত্রেই ফি বাবদ ১২০ টাকা কেটে নেয়া হবে।

২. এসএমএসের মাধ্যমে ভর্তির আবেদন ৬ জুন তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত করা যাবে।

৩. পুনঃনির্বাচনের মাধ্যমে যাদের ফল পরিবর্তন হবে তাদের আবেদন গ্রহণের তারিখ ১৪ জুন পর্যন্ত। ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের মেধাক্রম ১৭ জুন তারিখে এসএমএস, স্ব-স্ব শিক্ষাপ্রতিষ্ঠানের নোটিস বোর্ড/ওয়েবসাইট এবং www.educationboard.gov.bd এবং স্ব-স্ব বোর্ডের নিজস্ব ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে। ভর্তি সংক্রান্ত সব কার্যক্রমে মন্ত্রণালয় ও বোর্ড প্রদত্ত নীতিমালা অনুসরণ করা হবে।

EIIN প্রতি : এসএমএসের মাধ্যমে ভর্তির জন্য বোর্ড কর্তৃক নির্বাচিত কলেজগুলোর তালিকা ও EIIN সংশ্লিষ্ট কলেজ/বোর্ডগুলোর ওয়েবসাইট এবং কলেজ ও বোর্ডসমূহ প্রদত্ত বিজ্ঞাপনের মাধ্যমে জানা যাবে।

যেসব কলেজে ৬০০ আসন আছে, এবার সেগুলোর বাধ্যতামূলকভাবে অনলাইনে ভর্তির কাজ করতে হচ্ছে। আর তিন শতাধিক আসন থাকা



কলেজগুলোতেও সনাতন পদ্ধতির পাশাপাশি অনলাইনে আবেদন করা যাচ্ছে। বাকিগুলো সনাতন পদ্ধতিতে শিক্ষার্থী ভর্তি করতে পারবে। এবার শুধু টাকা বোর্ডের অধীন ১৫২টি কলেজে অনলাইনে ভর্তির কাজ চলছে। এর মধ্যে ৪২টি কলেজ টাকা মহানগরে অবস্থিত। টাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটেও আবেদনের পদ্ধতি দেয়া আছে।

অনলাইনে ভর্তি বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের স্ট্রাটজি সিস্টেম অ্যানালিস্ট মনজুরুল কবীর বলেন, অনলাইনে ভর্তির এ প্রতিষ্ঠা চালুর ফলে শিক্ষার্থীরা মেধা ও যোগ্যতার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। তিনি জানান, আগামী ৬ জুন পর্যন্ত ভর্তির জন্য আবেদন বা বার্তা গ্রহণ করা হবে। তবে এসএসসির ফল পুনঃনির্বাচনের ক্ষেত্রে যাদের ফল পরিবর্তন হবে, তারা ভর্তির আবেদনের সময় পাবে আগামী ১৪ জুন পর্যন্ত। বিলম্ব ফি ছাড়া ২৮ জুন ও বিলম্ব ফিসহ ভর্তির শেষ সময় ১২ জুলাই। ক্লাস ঢরু হবে ১ জুলাই থেকে। আগের মতোই জিপিএর ভিত্তিতে ভর্তি করা হবে। কোন ভর্তি পরীক্ষা হবে না।

ভর্তির রেজিস্ট্রেশন ফি ১২০ টাকা নির্ধারণ করা হয়েছে। কোন স্বাক্ষরকারী কাছ থেকে অনুমোদিত ফির অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না এবং সব ফি রসিদের মাধ্যমে গ্রহণ করতে হবে।